# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ৯২টি প্রতিষ্ঠানকে ১৫.১৮ লক্ষ টাকা জরিমানা

**২৬ ফেব্রুয়ারি ২০১৯ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের৩৫ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, মানিকগঞ্জ, টাঙ্গাইল, মুন্সীগঞ্জ, কিশোরগঞ্জ, জামালপুর, গাজীপুর, রাজবাড়ী, নরসিংদী, ময়মনসিংহ, ফরিদপুর, কুষ্টিয়া, ভোলা, সাতক্ষীরা, মৌলভীবাজার, সুনামগঞ্জ, রংপুর, চট্টগ্রাম, দিনাজপুর, বরিশাল, মাগুরা, বগুড়া, ফেনী, পঞ্চগড়, ঝিনাইদহ, সিরাজগঞ্জ, লক্ষ্মীপুর, চুয়াডাঙ্গা, কুড়িগ্রাম ও গাইবান্ধায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়েরউপপরিচালক জনাব মনজুর মোহাম্মদ শাহরিয়ার, সহকারী পরিচালক জনাব রজবী নাহার রজনী, সহকারী পরিচালক জনাব জান্নাতুল ফেরদাউস এবং ঢাকা জেলা কার্যালয়ের সহকারীপরিচালক জনাব মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক শেরেবাংলা নগর, কলাবাগান ও সাভার এলাকায় বাজার তদারকি পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরির অপরাধে শমরিতা হাসপাতালকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে কে মারট ও হীরা ফ্রাইড চিকেনকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা করে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা, মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রির অপরাধে শমরিতা হাসপাতাল ফার্মেসীকে৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, ওজনে কারচুপির অপরাধে Century Sweets and Bakery কে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে বি আর বি হসপিটালকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, পরিমাপে কারচুপি ও দৈর্ঘ্য পরিমাপের কার্যে ব্যবহৃত পরিমাপক ফিতা বাঅন্য কিছুতে কারচুপির অপরাধে মোল্লা ব্রিকস, দেওয়ান ব্রিকস, শাপলা ব্রিকস, পদ্মা ব্রিকস, রচনা ব্রিকস, বর্ষা ব্রিকস, TPB ব্রিকস, গোলাপ ব্রিকস ও মেসার্স সিটি ব্রিকসকে১,০০,০০০/- (এক লক্ষ) টাকা করে ৯,০০,০০০/- (নয় লক্ষ) টাকাসহ মোট **১১,৪৫,০০০/- (এগার লক্ষ পঁয়তাল্লিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

দেশব্যাপী **৩১টি** জেলায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য, ওজনে কারচুপির, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করারঅপরাধে **৭৩টি** প্রতিষ্ঠানকে **৩,২৪,১০০/- (তিন লক্ষ চব্বিশ হাজার একশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রির অপরাধে **৪টি** প্রতিষ্ঠানকে **৪৯,০০০/- (উনপঞ্চাশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **৪ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১২,২৫০/- (বার হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

গত ২৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে **৩৫টি** বাজার তদারকি ও **৪টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৯২টি** প্রতিষ্ঠানকে মোট **১৫,১৮,১০০/- (পনের লক্ষ আঠার হাজার একশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং আদায়কৃত জরিমানা হতে **৪ জন** অভিযোগকারীকে **১২,২৫০/- (বার হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্মড পুলিশ ব্যাটলিয়ন, সিভিল সার্জন, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।


স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

প্রাপক,

১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/ সময় টিভি/ চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/ এশিয়া টিভি/ মাইটিভি/ বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/ দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক সংগ্রাম/ দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকণ্ঠ/ দৈনিক আমাদের অর্থ নীতি/ দৈনিক বণিক বার্তা/বার্তা/দৈনিক আমার কাগজ/ সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি: অবগতি ও কার্য ার্থে(তাঁর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে/দাপ্তরিক নোটিশ বোর্ডে সংযুক্ত ছকটি ব্যাপক প্রচারের জন্য)

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান তথ্য কর্ম কর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৫। পুলিশ কমিশনার (সকল)।
৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। পুলিশ সুপার (সকল)।
৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১০। জনসংযোগ কর্ম কর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।